

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৩৭

৬৩/ আনসারগণ [রায়িয়াল্লাহ 'আনহুম]-এর মর্যাদা (كتاب مناقب الأنصار) কর্তৃত মুসলিম মুসলিম মুসলিম

পরিচ্ছেদঃ ৬৩/২৬, জাহিলীয়তের যুগ।

بَابُ أَيَّامُ الْجَاهِلِيَّةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْমَانَ قَالَ حَدَّثَنِي أَبْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي عَمْرُو أَنَّ عَبْدَ الرَّحْمَنَ بْنَ الْقَاسِمِ حَدَّثَهُ أَنَّ الْقَاسِمَ كَانَ يَمْشِي بَيْنَ يَدَيِّ الْجَنَازَةِ وَلَا يَقُولُ لَهَا وَيُخْبِرُ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ أَهْلُ الْجَاهِلِيَّةِ يَقُولُونَ لَهَا إِذَا رَأَوْهَا كُنْتِ فِي أَهْلِكِ مَا أَنْتِ مَرْتَيْنِ

বাংলা

৩৮৩৭. 'আমর (রাঃ) হতে বর্ণিত যে, 'আবদুর রাহমান ইবনু কাসিম (রাঃ) তার কাছে বলেছেন যে, কাসিম জানায় বহন করার সময় আগে আগে চলতেন। জানায় দেখলে তিনি দাঁড়াতেন না* এবং তিনি বর্ণনা করেছেন যে, 'আয়শাহ (রাঃ) বলতেন, জাহিলী যুগে মুশরিকগণ জানায় দেখলে দাঁড়াত এবং মৃত ব্যক্তির রূহকে লক্ষ্য করে বলত, তুমি তোমার আপন জনদের সাথেই আছ যেমন তোমার জীবন্দশায় ছিলে। এ কথাটি তারা দু'বার বলত। (আধুনিক প্রকাশনীঃ ৩৫৫২, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৫৫৭)

English

Narrated `Abdur-Rahman bin Al-Qasim:

Al-Qasim used to walk in front of the funeral procession. He used not to get up for the funeral procession (in case it passed by him). And he narrated from `Aisha that she said, "The people of the pre-Islamic period of ignorance used to stand up for the funeral procession. When they saw it they used to say twice: 'You were noble in your family. What are you now?'

ফুটনোট

১৩১১, ১৩১২, ১৩১৩ নং হাদীসে এর বৈপরিত্য লক্ষ্য করা যায়। উক্ত হাদীসগুলোতে জানায় দেখে দাঁড়ানোর প্রমাণ পাওয়া যায়। এব্যাপারে ইবনু হাজার আসকালানী (রহ.)-এর ফাতহুল বারীতে আছে, যে সকল মাসাআলার

সাথে অন্যান্য সাহাবীর সঙ্গে মা 'আয়িশাহ (রাঃ)-এর মত পার্থক্য ছিল এটি তার অন্তর্গত। তবে এখানে উক্ত হাদীসত্রয়ের আলোকে মা 'আয়িশাহ্র মতের চেয়ে অন্যান্য সাহাবীর মতই প্রাধান্য পায়। (ফাতহুল বারী ৭ম খণ্ড ১৯২ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=28277>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন